

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০০৭.২০১৪/৫০

তারিখঃ ০১/০৭/২০১৪ খ্রিঃ

প্রেরকঃ প্রথম সচিব (কর নীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ মহাপরিদর্শক, নিবন্ধন,

নিবন্ধন পরিদপ্তর,

১৪. আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

বিষয়: জমি বা ফ্ল্যাট রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। এ বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাজেট কার্যক্রম ২০১৪ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53H ধারায় জমি বা ফ্ল্যাট রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর সংগ্রহের হার পুনঃনির্ধারণ করা হয়েছে যা এই পত্রের সাথে সংযুক্ত করা হলো।

০৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ একটি নতুন ধারা 53HH সন্নিবেশিত করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ), খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এবং জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ (এনএইচএ) কর্তৃক জমি বা ফ্ল্যাটের লীজ দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে দলিল মূল্যের ৪% হারে উৎসে আয়কর সংগ্রহ করতে হবে।

০৪। অর্থ আইন, ২০১৪ তে মূলধনী সম্পত্তির সংজ্ঞা সংশোধন করায় কৃষি জমি বিক্রয় দলিল রেজিস্ট্রেশনকালেও ১% হারে অগ্রিম কর সংগ্রহ করতে হবে।

০৫। সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভা এলাকার আওতাধীন ১ লক্ষ টাকার অধিক জমি ক্রয়ের ক্ষেত্রে জমি ক্রেতার ই-টিআইএন সনদ দাখিল করা বাধ্যতামূলক করা হয়েছে। তবে সিটি কর্পোরেশন এলাকার জন্য এ বিধান অনিবাসী বাংলাদেশীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০৬। উপরি-উল্লিখিত বিধান ০১/০৭/২০১৪ খ্রিঃ থেকে কার্যকর হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত

০১/০৭/২০১৪

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)

প্রথম সচিব (কর নীতি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।